গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা ও উন্নয়ন শাখা-৩
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.minland.gov.bd

স্মারক নং- ৩১.০০.০০০০.০৫০.১৪.১২৪.১৬-০২/২৭

তারিখঃ ২৯-০২-২০১৬ খ্রিষ্টাব্দ
১৭-১১-১৪২২ বঙ্গাব্দ

বিষয়: ভূমিহীন ও দরিদ্র লোকের ডাটাবেজ তৈরীর লক্ষ্যে ইতোপূর্বে প্রেরিত তথ্যের সফটকপি প্রেরণ।

বর্তমান সরকারের লক্ষ্যমাত্রা ভিশন ২০২১ অর্জনে দরিদ্র ও ভূমিহীন মানুষের আবাসন নিশ্চিত করা অন্যতম। ভূমি ও আবাসন দরিদ্র দূরীকরণের নিমিত্ত ভূমিহীন, গৃহহীন, জমি আছে কিন্তু ঘর নেই এমন মানুষের একটি সুনির্দিষ্ট ডাটাবেজ প্রয়োজন। এই ডাটাবেজ প্রস্তুত করার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় হতে ভূমি মন্ত্রণালয়কে দায়িত্ব প্রদান করা হয়েছে। এ বিষয়ে গত ১৮-০৯-২০১৪ তারিখে ভূমি মন্ত্রণালয় পরিদর্শনের সময় মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশনা প্রদান করেন যে,

"সারাদেশের ভূমিহীন, গৃহহীন মানুষের তালিকা তৈরি করে তাদের পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।"

০২। একই বিষয়ে ১২-০৮-২০১৪ তারিখে গুচ্ছগ্রাম (৩য় সংশোধনী) অনুমোদনের সময় একনেক সভায় নিম্নরূপ অনুশাসন প্রদান করেন-

"জেলা প্রশাসকগণ তার জেলার গৃহহীন দারিদ্র্যদের তালিকা প্রণয়ন করে ভূমি মন্ত্রণালয়ের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট প্রেরণ করবেন। ভূমি মন্ত্রণালয় জরুরী ভিত্তিতে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।"

০৩। উল্লিখিত নির্দেশনার প্রেক্ষিতে ভূমিহীন, গৃহহীন, জমি আছে কিন্তু ঘর নেই এমন মানুষের তালিকা তৈরিপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য ৬৪ জেলার জেলা প্রশাসক বরাবর ইতোপূর্বে পত্র প্রদান করা হয়েছিল। উক্ত পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসকগণ স্ব স্ব জেলার ভূমিহীন, গৃহহীন মানুষের তালিকার হার্ডকপি মন্ত্রণালয়ে প্রেরণ করেন। এ পর্যন্ত প্রাপ্ত তথ্য মতে দেশে মোট ভূমিহীন, গৃহহীন, জমি আছে কিন্তু ঘর নেই এমন মানুষের সংখ্যা প্রায় ১৪.৬৩ লক্ষ।

০৪। জেলা প্রশাসন হতে প্রাপ্ত তথ্য মতে ১৪।৬৩ লক্ষ লোকের তথ্য সম্বলিত হার্ডকপি প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ না করে উপজেলা ও জেলা ভিত্তিক তালিকা প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে এবং জেলাসমূহ হতে সফটকপি সংগ্রহ করে তার সফটকপি প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৫। এমতাবস্থায় ইতোপূর্বে ভূমি মন্ত্রণালয়ে প্রেরিত ভূমিহীন, গৃহহীন এবং জমি আছে কিন্তু ঘর নেই এমন মানুষের তালিকার শুধুমাত্র সফটকপি (sacplanning3@minland.gov.bd) ইমেইলের মাধ্যমে ভূমি মন্ত্রণালয়ে জরুরী ভিত্তিতে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বা/=
(মো: মাহবুবুর রহমান)
সহকারী প্রধান
ফোন : ৯৫৪০২৭৩
Email: sacplanning3@minland.gov.bd

জেলা প্রশাসক
ঢাকা/ টাঙ্গাইল/ ময়মনসিংহ/নেত্রকোনা/ ফরিদপুর/ শরিয়তপুর/ মুন্সীগঞ্জ/গোপালগঞ্জ/ কিশোরগঞ্জ/ মানিকগঞ্জ/ নারায়ণগঞ্জ/ জামালপুর/ নরসিংদী/শেরপুর/ মাদারীপুর/ রাজবাড়ী/ গাজীপুর/ নওগাঁ/ রাজশাহী/ চাপাই নবাবগঞ্জ/ পাবনা/ সিরাজগঞ্জ/ বগুড়া/ জয়পুরহাট/ নাটোর/ রংপুর/ কুড়িগ্রাম/ গাইবান্ধা/ ঠাকুরগাঁও/ দিনাজপুর/ লালমনিরহাট/ পঞ্চগড়/ নীলফামারী/ভোলা/ বরিশাল/ পিরোজপুর/ ঝালকাঠি/ পটুয়াখালী/ বরগুনা/ বাগেরহাট/ মাগুরা/নোয়াখালী/ফেনী/ লক্ষীপুর/ চট্টগ্রাম/ কক্সবাজার/ চাঁদপুর/ কুমিল্লা/ ব্রাহ্মণবাড়িয়া/ সুনামগঞ্জ/ সিলেট/ হবিগঞ্জ/মৌলভীবাজার/ ঝিনাইদহ/ যশোর/ নড়াইল/ চুয়াডাঙ্গা/ কুষ্টিয়া/মেহেরপুর/ সাতক্ষীরা/ খুলনা/খাগড়াছড়ি / রাঙ্গামাটি/বান্দরবান জেলা ।

d:\office related stuffs\projects and agencies of mol\all projects and adp review meeting\database of the poor people\letter forwarding.doc